গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
প্রকাশনা শাখা

৫৬/ ...........তারিখ 21 AUG 2024
শিঃ শাঃ (শিক্ষক/অফিসার/সহায়ক/সাধারণ)
একা-১/একা-২/হি.প./প.নি./বীমা/টেলিঃ
সিগ্যাল সেল/ গোপনীয়...................শাখা।
রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.২৬.০০০০.১০২.১০.০০২.২২.৪৩

বিষয়: **'মাতৃভাষা পত্রিকা' জার্নাল প্রকাশের জন্য গবেষণা-প্রবন্ধ আহ্বান।**

প্রিয় মহোদয়,

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের নিয়মিত রিভিউড গবেষণা জার্নাল হচ্ছে *মাতৃভাষা পত্রিকা* । এই গবেষণা পত্রিকার পরবর্তী সংখ্যা (১০ম বর্ষ: ২য় সংখ্যা, জুলাই-ডিসেম্বর ২০২৪) প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ জার্নালে প্রকাশের জন্য নিম্নে উল্লিখিত অনুচ্ছেদ ২ ও ৩-এ বর্ণিত বিষয়াদি অনুসরণে প্রস্তুতকৃত প্রবন্ধ প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করছি।

০২. **প্রেরিতব্য প্রবন্ধ নিম্নলিখিত বিষয়াশ্রয়ী হতে পারে:**

- বাংলাদেশ ও বহির্বিশ্বের মাতৃভাষা পরিস্থিতি;
- টেকসই উন্নয়ন ও মাতৃভাষা;
- ল্যাঙ্গুয়েজ অ্যান্ড জেন্ডার;
- মাতৃভাষা ও ভাষাবিজ্ঞান;
- মাতৃভাষা ও বিজ্ঞান;
- সমাজ ভাষাবিজ্ঞান;
- বাংলাদেশের ভাষানীতি ও ভাষাব্যবস্থাপনা;
- সাহিত্য ও ভাষা;
- গণমাধ্যম ও মাতৃভাষার ব্যবহার;
- শিক্ষা-পরিকল্পনায় মাতৃভাষার গুরুত্ব;
- ভাষা ও সংস্কৃতি;
- বহুভাষিক রাষ্ট্রে ভাষিক বৈচিত্র্য সংরক্ষণ ও শিক্ষা কার্যক্রমে ভাষাপরিকল্পনা;
- ভাষার নথিবদ্ধকরণ (Documentation), ভাষা-সংরক্ষণ (Preservation) ও প্রমিতায়ন (Standardization), মাতৃভাষায় অভিধান প্রণয়ন, শিশুপাঠ্য বই (Primer) রচনা ও শিক্ষক প্রশিক্ষণে মাতৃভাষার ব্যবহার;
- লিখনব্যবস্থা নেই এমন মাতৃভাষার লিখনব্যবস্থা প্রবর্তন, মাতৃভাষার ধ্বনি তত্ত্ব (Phonology), রূপতত্ত্ব (Morphology), বাক্যতত্ত্ব (Syntax) ও বাগর্থতত্ত্ব (Semantics)।

০৩. **প্রবন্ধ রচনায় নিম্নলিখিত নির্দেশনা অনুসরণীয়:**

- প্রবন্ধ অবশ্যই বাংলা ভাষায় লিখিত, অপ্রকাশিত ও মৌলিক হতে হবে;
- লেখা Sutonny MJ ফন্টে হতে হবে;
- প্রবন্ধের সঙ্গে Abstract বা সারসংক্ষেপ (ন্যূনাধিক ১৫০ শব্দে) ও মূলশব্দ (key words) থাকতে হবে;
- লেখকের সংক্ষিপ্ত পরিচিতি, ঠিকানা, ই-মেইল ও ফোন নম্বর থাকতে হবে;
- প্রকাশিত প্রবন্ধের জন্য লেখককে *আমাই* নির্ধারিত সম্মানি প্রদান করা হবে;
- নির্বাচিত কোনো প্রবন্ধ স্থানাভাবে প্রকাশ করা সম্ভব না হলে তা পরবর্তী সংখ্যায় প্রকাশিত হবে;
- প্রবন্ধ লেখার ক্ষেত্রে আমাই কর্তৃক নির্ধারিত রেফারেন্স অবশ্যই অনুসরণ করতে হবে। অন্যথায় লেখা পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য বিবেচনা করা হবে না। আমাই-এর রেফারেন্স পদ্ধতি www.imli.gov.bd ঠিকানায় প্রকাশনা অংশে দেওয়া আছে।

০৪. *মাতৃভাষা পত্রিকা*-র উল্লিখিত সংখ্যার জন্য আগামী ৩০শে অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে প্রবন্ধের সফট (Soft) কপি (MS word এবং PDF উভয় ফরম্যাটে) imli.moebd@gmail.com, adpublication2001@gmail.com, pofficer2001@gmail.com ঠিকানায় প্রেরণসহ একটি মুদ্রিত

(Hard) কপি পরিচালক (রুটিন দায়িত্ব), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (১/ক, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, সেগুনবাগিচা, ঢাকা ১০০০) বরাবর পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

২৯-০৭-২০২৪
মোঃ আজহারুল আমিন
পরিচালক (রুটিন দায়িত্ব)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক/রেজিস্ট্রার/পরিচালক/চেয়ারম্যান/অধ্যক্ষ এবং

২। জনাব ------------------------------।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
প্রকাশনা শাখা

৩ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ:
১৮ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.২৬.০০০০.১০২.১০.০০২.২৩.৪২

**বিষয়: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট থেকে পাণ্ডুলিপি গ্রন্থাকারে প্রকাশের জন্য আহ্বান।**

প্রিয় মহোদয়,
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট বিশ্বের বিপন্ন ও বিলুপ্তপ্রায় ভাষাসমূহের সংরক্ষণ, বিকাশ, মর্যাদা ও অধিকার রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এ লক্ষ্যে ইনস্টিটিউট কর্তৃক পাণ্ডুলিপি সংগ্রহের মাধ্যমে তা গ্রন্থাকারে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গ্রন্থাকারে প্রকাশের জন্য নিম্নে উল্লিখিত বিষয়াদি অনুসরণপূর্বক প্রস্তুতকৃত পাণ্ডুলিপি প্রেরণের জন্য আপনাকে/আপনাদের অনুরোধ করছি।

**০২. পাণ্ডুলিপির প্রকৃতি:**

- ল্যাঙ্গুয়েজ অ্যান্ড জেন্ডার;
- মাতৃভাষা ও বিজ্ঞান;
- সমাজ ভাষাবিজ্ঞান;
- সাহিত্য ও ভাষা;
- মাতৃভাষা, ভাষাবিজ্ঞান, মাতৃভাষা শিক্ষণ ইত্যাদি বিষয়ক;
- অনুবাদ (বাংলা ভাষা থেকে যে কোনো ভাষায়);
- অনুবাদ (যে কোনো ভাষা থেকে বাংলা ভাষায়);
- অভিধান (বাংলা ভাষা থেকে যে কোনো ভাষায়);
- অভিধান (যে কোনো ভাষা থেকে বাংলা ভাষায়)।

০৩. গ্রন্থাকারে প্রকাশের জন্য পাণ্ডুলিপির সফট (soft) কপি Sutonny MJ ফন্টে (MS word এবং PDF উভয় ফরম্যাটে) imli.moebd@gmail.com, adpublication2001@gmail.com, pofficer2001@gmail.com ই-মেইল ঠিকানায় প্রেরণসহ ০২ (দুই) সেট মুদ্রিত (hard) কপি পরিচালক (রুটিন দায়িত্ব), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (১/ক, শহিদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক সেগুনবাগিচা, ঢাকা ১০০০) বরাবর পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

১৮-০৭-২০২৪
মোঃ আজহারুল আমিন
পরিচালক (রুটিন দায়িত্ব)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক/রেজিস্ট্রার/পরিচালক/চেয়ারম্যান/অধ্যক্ষ, এবং

২। জনাব ------------------------------------, ।

The People's Republic of Bangladesh
Ministry of Education
International Mother Language
Institute
Publication Section

তারিখ: ৩ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
১৮ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.২৬.০০০০.১০২.১০.০০১.২২.৪০

বিষয়: **Request for the article to be published in the journal 'Mother Language'.**

Dear Sir

The *Mother Language* regularly published by the International Mother Language Institute is a reviewed journal. The next issue (Volume: 8, Issue: 2, July-December 2024) of this journal is going to be published soon. We expect your cooperation as one of contributors to the journal to be published and as such you are requested to prepare an article following the guidelines:

2. The article should be written in English, unpublished and original one;
3. The subject of the article may be one of the following aspects or themes:
   a. Mother language situation in Bangladesh and/or in any other countries;
   b. Language and Gender;
   c. Necessity for introducing writing-system for the languages that do not have scripts;
   d. Inventory of phonology, morphology, syntax and semantics or inventory of any aspect of mother languages of Bangladesh;
   e. The necessity of preservation and standardization of language in the context of Bangladesh;
   f. Training of primary and secondary language teachers to meet multilingual education in the country;
   g. Preservation and standardization of endangered or nearly extinct languages;
   h. Mother language and sustainable development;
   i. Mother language and Science;
   j. Language policy and language management in mass media;
   k. Linguistic diversity and national development;
   l. Mother language teaching in Bangladesh or beyond;
   m. Necessity for preserving dialects in Bangladesh;
   n. English as a foreign language (EFL) or English language teaching (ELT) or English learning/teaching through blended approach;
   o. Language and Literature;
   p. Sociolinguistics.

4. Article(s) will be prepared or composed as per the following guidelines:
   a. **Font:** Times New Roman;
   b. Each article will have an abstract (150 to 200 words), key words along with a short profile of author, phone number, mailing address and e-mail ID;
   c. **Citation will be followed as per the principles of American Psychological Association (APA 7th Edition);**
   d. **Honorarium** will be given to the contributor for the article if it is published in the journal.

Please send the soft copy of the article (Both in MS Word and PDF formats) aimli.moebd@gmail.com, adpublication2001@gmail.com, pofficer2001@gmail.com by 30th October 2024. A hard copy of the

article should be sent to the Director (Routine Charge), IMLI.

With best regards,

১৮-০৭-২০২৪

(Md. Azharul Amin)
Director (Routine Charge)

Distribution:

১। Director General/Registrar/Director/Chairman, এবং

২। Mr., ………………………………………., ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
প্রকাশনা শাখা

তারিখ: 21 AUG 2024
(শিক্ষক/অফিসার/সহায়ক/সাধারণ)
একা-১/একা-২/হি.প./প.নি./বীমা/টেলিঃ
সিগন্যাল সেল/ গোপনীয়....................শাখা।
রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.২৬.০০০০.১০২.১০.০০২.২০.৪৮

বিষয়: মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রকাশিতব্য স্মরণিকার জন্য প্রবন্ধ/প্রাসঙ্গিক লেখা আহ্বান।

প্রিয় মহোদয়

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে একুশের স্মরণিকা প্রকাশ করবে। স্মরণিকায় প্রকাশের জন্য আপনার একটি প্রবন্ধ/প্রাসঙ্গিক লেখা প্রত্যাশা করছি। বাংলা বা ইংরেজি ভাষায় এ প্রবন্ধ/প্রাসঙ্গিক লেখা/নিবন্ধ লেখা যাবে।

প্রবন্ধ/লেখার বিষয় নিম্নরূপ (তবে সীমাবদ্ধ নয়):

ক) ভাষা আন্দোলনের গুরুত্ব ও তাৎপর্য;
খ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের গুরুত্ব ও তাৎপর্য;
গ) একুশের চেতনা ও আমাদের মুক্তির আন্দোলন;
ঘ) বঙ্গবন্ধু ও ভাষা আন্দোলন;
ঙ) একুশের সাহিত্য;
চ) ভাষা আন্দোলন ও ক্ষুদ্র নৃগোষ্ঠী;
(ছ) আন্তর্জাতিক পরিমণ্ডলে ভাষার সংগ্রাম ও আন্দোলন।

উল্লিখিত যে-কোনো বিষয়ে অপ্রকাশিত প্রবন্ধ/প্রাসঙ্গিক লেখা আগামী ৩১শে অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে (শব্দ সংখ্যা ১৫০০-৪০০০) এমএসওয়ার্ড (SutonnyMJ Font) এবং পিডিএফ উভয় ফরম্যাট-এ imli.moebd@gmail.com, khilfatjahan@gmail.com, adpublication2001@gmail.com, pofficer2001@gmail.com ই-মেইল ঠিকানায় প্রেরণের পাশাপাশি হার্ড কপি পরিচালক (রুটিন দায়িত্ব), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (১/ক, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, সেগুনবাগিচা, ঢাকা ১০০০) বরাবর পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

৩১-০৭-২০২৪
মোঃ আজহারুল আমিন
পরিচালক (রুটিন দায়িত্ব)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব/সচিব, সকল মন্ত্রণালয়;
২। রেজিস্ট্রার, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়;
৩। রেজিস্ট্রার, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়;
৪। শিক্ষা মন্ত্রণালয়ের অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ;
৫। পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ এবং
৬। জনাব, .......................................।